

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮২১(আগরতলা ৩০।১২)
সোনামুড়া, ৩০ ডিসেম্বর, ২০২০

**১-৩ জানুয়ারি কেমতলিতে ১০৭তম অদ্বৈত
মল্লবর্মণের ১০৭তম রাজ্যভিত্তিক জন্মবার্ষিকী**

আগামী ১-৩ জানুয়ারি কেমতলিতে তিন দিনব্যাপী অদ্বৈত মল্লবর্মণের ১০৭তম রাজ্যভিত্তিক জন্মবার্ষিকী উদযাপন করা হবে। তপশিলী জাতি কল্যাণ দপ্তর এবং তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের উদ্যোগে কেমতলির অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ রেবতী মোহন দাস। প্রধান বক্তা হিসাবে উপস্থিত থাকবেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. পল্লাদ রায়। সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত থাকবেন সাংসদ প্রতিমা ভৌমিক, সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক ড. দিলীপ কুমার দাস, ত্রিপুরা ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান বাহারুল ইসলাম মজুমদার। সভাপতিত্ব করবেন বিধায়ক সুভাষ চন্দ্র দাস।

উদ্বোধনী অনুষ্ঠানে অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি পুরস্কার, অদ্বৈত মল্লবর্মণ স্মারক সম্মান এবং রাজ্যভিত্তিক প্রবন্ধ প্রতিযোগিতার পুরস্কার প্রদান করা হবে। তপশিলী জাতিভুক্ত অফিসার্স ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে ১০ জন মাধ্যমিক উত্তীর্ণ তপশিলী জাতিভুক্ত ছাত্র-ছাত্রীকে মেধা পুরস্কার প্রদান করা হবে। ২ জানুয়ারি অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে স্বাস্থ্য শিবির এবং অদ্বৈত মল্লবর্মণের জীবনের উপর বক্তৃতা প্রতিযোগিতা, বসে আঁকো প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা। এছাড়া ২ এবং ৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে একক লোকসংগীত, দলগত লোকসংগীত ও নৃত্য প্রতিযোগিতা। তিন দিনব্যাপী প্রতিদিন সন্ধ্যায় অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।
